



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট  
dss.sylhetdiv.gov.bd

----

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৬৩৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৯  
২৯ ডিসেম্বর ২০২২

বিষয়: শহর সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর অভ্যন্তরীণ অডিট কার্যক্রমের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ৪১.২৮.০০০০.০০০.০১.০০২.২২.১২২; তারিখ ; ১৭ নভেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ০৮ ডিসেম্বর ২০২২ শহর সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর দাপ্তরিক ও মাঠ কার্যক্রমের সকল রেজিস্টার, নথিপত্র ও ক্যাশবহি নিয়ন্ত্র-স্বাক্ষরকারীর অফিসে যাচাইপূর্বক নিম্নোক্ত ত্রুটি/ঘাটতি পাওয়া যায়:

১. আরএসএস শুরু হতে ৬ষ্ঠ পর্বের পুনঃবিনিয়োগের সার্ভিস চার্জসহ ১৪,৫২,৫৫০/-টাকা ব্যাংকে গচ্ছিত যা বিতরণের কোন উদ্যোগ নাই এবং বরাদ্দপত্র ও রেজিস্টার নাই।
২. সুদমুক্ত ক্ষুদ্রঋণের ৪২,৭৩,৯৪৪/- টাকা ব্যাংক গচ্ছিত রয়েছে যা বিনিয়োগ করার পদক্ষেপ এখনো নেয়া হয়নি; একই খাতে সার্ভিস চার্জ ৭,৬৩,৩০০/-টাকা ব্যাংক গচ্ছিত যা পুনঃবিনিয়োগ করা হচ্ছেনা; ব্যাংক সুদের ৫,৭২,৬৭১/- টাকা নীতিমালা অনুযায়ী ব্যবহার করার পদক্ষেপ নেয়া হয়নি।
৩. সুদমুক্ত ক্ষুদ্রঋণ গ্রামভিত্তিক ক্যাশবহি হালনাগাদ নাই।
৪. প্রতিবন্ধী ঋণখাতের বিনিয়োগের ১,১২,৬৪০/- টাকা এখনো অবিনিয়োগকৃত অবস্থায় আছে।
৫. প্রতিবন্ধী ঋণ খাতের পুনঃবিনিয়োগের ৪,৩৯,৪০০/-টাকা ব্যাংকে গচ্ছিত আছে যার পুনঃবিনিয়োগ করার ব্যবস্থা নেয়া হয়নি।
৬. শুধুমাত্র কম্পিউটার প্রশিক্ষণ ট্রেড চালু আছে; একাধিক প্রশিক্ষণ ট্রেড চালুর উদ্যোগ নেই।
৭. ইউসিডি সমন্বয় পরিষদের প্রশিক্ষণার্থী ভর্তি রেজিস্টার সুস্পষ্ট ও হালনাগাদ নাই;
৮. সমন্বয় পরিষদের ক্যাশ বহি, ভর্তি রেজিস্টার, বেতন রেজিস্টার, মজুদ রেজিস্টার, আদায় রেজিস্টারে কর্মকর্তার কোন স্বাক্ষর নাই।
৯. সুদক্ষ প্রশিক্ষকের অভাব আছে; সমন্বয় পরিষদের সকল কাজে কর্মকর্তার দক্ষতার ঘাটতি আছে।
১০. শহর সমাজসেবা কার্যালয় অফিসটি শহরের মধ্যে থকলে ভালো হয়।

এমতাবস্থায় আগামী ৩১ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে বর্ণিত ত্রুটি/বিচ্যুতি সংশোধন ও সকল রেজিস্টার, নথিপত্র, ক্যাশবহি হালনাগাদসহ সকল বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ শতভাগ নিশ্চিত করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।

২৯-১২-২০২২

মোহাম্মদ শহীদুল ইসলাম  
পরিচালক


০১৮১৮৫৯৫৩৪৫

shahidulislam.dss@gmail.com

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;
- ২। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর এবং
- ৩। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ।



২৯-১২-২০২২  
মোহাম্মদ শহীদুল ইসলাম  
পরিচালক